Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

২৫ মাঘ ১৪৩১ **DU in Media** 08 February 2025

## নয়া দিগন্ত



ঢাবির দর্শন বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের পুনর্মিলনীতে ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ বক্তব্য রাখেন ■ নয়া দিগন্ত

### ঢাবি দর্শন বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের পুনর্মিলনী

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) দর্শন বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের (ডুপডা) ১৪তম পুনর্মিলনী গতকাল শুক্রবার ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

দর্শন বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি অধ্যাপক ■ ৪র্থ পৃ: ৫-এর কলামে

### ঢাবি দর্শন বিভাগ অ্যালামনাই

৩য় পৃষ্ঠার পর

ড. শাহ কাওসার মুস্তাফা আবুলউলায়ীর সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে ডুপডার প্রতিষ্ঠাতা সভাপতি অধ্যাপক ড. আজিজুন্নাহার ইসলাম, পুনর্মিলনী উদযাপন কমিটির যুগ্ম আহ্বায়ক অধ্যাপক আ খ ম ইউনুস এবং ডুপডার সাধারণ সম্পাদক শাহ মো: আসাদ উল্লাহ্ বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বিভাগের ৪ জন কৃতী আ্যালামনাইকে সম্মাননা প্রদান করা হয়। তারা হলেন অধ্যাপক ড. এ কে এম সালাহউদ্দিন, অধ্যাপক ড. আহমেদ জামাল আনোয়ার, অধ্যাপক ড. মো: সাজাহান মিয়া এবং অধ্যাপক ড. মো: আব্দুল মুহিত। এর আগে পুনর্মিলনী উপলক্ষে প্রকাশিত ম্যাগাজিন 'প্রাণপ্রবাহ'-এর মোড়ক উন্মোচন করা হয়। এ ছাড়া, অ্যালামনাইদের উদ্যোগে বিভাগের ৫১ জন শিক্ষার্থীকে মেধাবৃত্তি প্রদান করা হয়। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। বিজ্ঞপ্তি।

## দৈনিক বর্তমান



ঢাকা বিশ্ববিদ্যালয় দর্শন বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের (ডুপডা) ১৪তম পুনর্মিলনী শুক্রবার ছাত্র-শিক্ষক কেন্দ মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন -বর্তমান

### ঢাবি দর্শন বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের পুনর্মিলনী

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় দর্শন বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের (ডুপডা) ১৪তম পুনর্মিলনী শুক্রবার ছাত্র-শিক্ষক কেন্দ মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

দর্শন বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি অধ্যাপক ড. শাহ্ কাওসার মুস্তাফা আবুলউলায়ী'র সভাপতিত্বে অনুষ্ঠানে, অন্যান্যের মধ্যে ডুপডা'র প্রতিষ্ঠাতা সভাপতি এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩

### ঢাবি দর্শন বিভাগ অ্যালামনাই

অধ্যাপক ড. আজিজুন্নাহার ইসলাম, পুনর্মিলনী উদ্‌যাপন কমিটির যুগ্ম আহ্বায়ক অধ্যাপক আ খ ম ইউনুস এবং ডুপডা'র সাধারণ সম্পাদক শাহ্ মো. আসাদ উল্লাহ্ বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অ্যালামনাই নেটওয়ার্ক জোরদার করার উপর গুরুত্বারোপ করে বলেন, শুধু সরকারের উপর নির্ভর করে বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন সম্ভব নয়। এক্ষেত্রে বিভাগ ও হলসহ কেন্দ্রীয় পর্যায়ে অ্যালামনাইদের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের সম্পর্ক আরও জোরদার করতে হবে। বিভিন্ন ক্ষেত্রে অ্যালামনাইদের কার্যক্রমের ব্যাপ্তি ও পরিসর আরও বৃদ্ধি করতে হবে। অনুষ্ঠানে বিভাগের ৪জন কৃতী অ্যালামনাইকে সম্মাননা প্রদান করা হয়। তাঁরা হলেন অধ্যাপক ড. এ কে এম সালাহউদ্দিন, অধ্যাপক ড. আহমেদ জামাল আনোয়ার, অধ্যাপক ড. মো. সাজাহান মিয়া এবং অধ্যাপক ড. মো. আব্দুল মুহিত। এর আগে পুনর্মিলনী উপলক্ষ্যে প্রকাশিত ম্যাগাজিন 'প্রাণপ্রবাহ'-এর মোড়ক উন্মোচন করা হয়। এছাড়া, অ্যালামনাইদের উদ্যোগে বিভাগের ৫১জন শিক্ষার্থীকে মেধাবৃত্তি প্রদান করা হয়। অনুষ্ঠানের ২য় পর্বে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

## প্রতিদিনের সংবাদ



# ঢাবির দর্শন বিভাগের অ্যালামনাইয়ের ১৪তম পুনর্মিলনী

● নিজস্ব প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয় দর্শন বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের (ডুপডা) ১৪তম পুনর্মিলনী গতকাল শুক্রবার অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) মিলনায়তনে এ অনুষ্ঠান হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। এ ছাড়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ ও ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের (ডুয়া) আহ্বায়ক শামসুজ্জামান দুদু। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন দর্শন বিভাগের চেয়ারম্যান ও ডুপডার সভাপতি অধ্যাপক ড. শাহ্ কাওসার মুস্তাফা আবুলউলায়ী।

শুভেচ্ছা বক্তব্য দেন পুনর্মিলনী উদযাপন কমিটির যুগ্ম আহ্বাবায়ক ও ডুপডার সহসভাপতি অধ্যাপক আ খ ম ইউনুস ও ডুপডার প্রতিষ্ঠাতা সভাপতি অধ্যাপক ড. আজিজুননাহার। ১৪তম পুনর্মিলনী অনুষ্ঠানের আহ্বায়ক ছিলেন দর্শন বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ দাউদ খান। 'দিনব্যাপী বর্ণাঢ্য এই আয়োজনে দেড় সহস্রাধিক সাবেক শিক্ষার্থী অংশ নেন। এই পুনর্মিলনী উপলক্ষে বিভাগের মেধাবী ও অসচ্ছল অর্ধশতাধিক শিক্ষার্থীকে বৃত্তি দেওয়া হয়। এ ছাড়া দিনব্যাপী কর্মসূচি ছাড়াও সাংস্কৃতিক অনুষ্ঠান ও সাধারণ সভা হয়।

## দৈনিক বর্তমান



# ঢাবি ফজলুল হক মুসলিম হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় মেহেদী হাসান চ্যাম্পিয়ন

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় ফজলুল হক মুসলিম হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় পদার্থবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী মেহেদী হাসান লিয়ন চ্যাম্পিয়ন এবং ভূগোল ও পরিবেশ বিভাগের শিক্ষার্থী মো. রনি ইসলাম রানার্স-আপ হয়েছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ শুক্রবার সকালে কেন্দ্রীয় খেলার মাঠে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন। খেলা শেষে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

ফজলুল হক মুসলিম হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. ইলিয়াস আল-মামুনের সভাপতিত্বে অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যাথলেটিকস্ কমিটির সভাপতি অধ্যাপক ড. এস এম আরিফ মাহমুদ, শারীরিক শিক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত পরিচালক এস এম জাকারিয়াসহ বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, আবাসিক শিক্ষক এবং শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

## যায়যায়দিন



# ঢাবি ফজলুল হক মুসলিম হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় মেহেদী হাসান চ্যাম্পিয়ন

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ফজলুল হক মুসলিম হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় পদার্থবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী মেহেদী হাসান লিয়ন চ্যাম্পিয়ন এবং ভূগোল ও পরিবেশ বিভাগের শিক্ষার্থী মো. রনি ইসলাম রানার্স-আপ হয়েছেন। ঢাবির প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ শুক্রবার সকালে কেন্দ্রীয় খেলার মাঠে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন। খেলা শেষে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

ফজলুল হক মুসলিম হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. ইলিয়াস আল-মামুনের সভাপতিত্বে অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যাথলেটিকস্ কমিটির সভাপতি অধ্যাপক ড. এস এম আরিফ মাহমুদ, শারীরিক শিক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত পরিচালক এস এম জাকারিয়াসহ, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, আবাসিক শিক্ষক এবং শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি

## The F. Express

# DU Fazlul Haque hall annual sports competition held

Physics department student Mehdi Hasan Lyon became champion in the Dhaka University (DU) Fazlul Haque Muslim Hall annual sports competition held at the university central playground on Friday, reports BSS.

Geography and environment department student Md. Roni Islam finished runner-up in the meet.

Earlier, DU pro-vice chancellor (education) Professor Mamun Ahmed formally inaugurated the competition as the chief guest.

Treasurer Professor M Jahangir Alam Chowdhury distributed prizes among the winners.

DU athletics committee president Professor SM Arif Mahmud, acting director of physical education centre SM Zakaria along with provosts of various halls, resident teachers and students were present on the occasion, presided by hall provost Prof. Elias Al-Mamun.

## আজকালের খবর



# ঢাবি'র ৫টি ছাত্রী হলের ল্যাবে কম্পিউটার প্রদান

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ৫টি ছাত্রী হলের কম্পিউটার ল্যাব সম্প্রসারণ ও আধুনিকায়নের লক্ষ্যে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের পক্ষ থেকে কম্পিউটার প্রদান করা হয়েছে। গত বৃহস্পতিবার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন অডিটোরিয়ামে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের উপদেষ্টা মো. নাহিদ ইসলাম হল প্রভোস্টদের কাছে এসব কম্পিউটার হস্তান্তর করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব শীষ হায়দার চৌধুরী এবং পলিসি এডভাইজার (সমন্বয় ও সংস্কার) ফয়েজ আহমদ তৈয়্যব অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক উমামা ফাতেমা প্রারম্ভিক বক্তব্য দেন। প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির আহ্বায়ক ড. আব্দুলাহ্-আল-মামুন অনুষ্ঠান সঞ্চালন করেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বিভিন্ন আবাসিক হলের কম্পিউটার ল্যাবকে তথ্য ও যোগাযোগের অন্যতম মাধ্যম হিসেবে গড়ে তোলার উপর গুরুত্বারোপ করে বলেন, হলগুলোকে শুধু আবাসনের জন্য নয়, বরং পড়াশোনার জন্যও প্রস্তুত করতে হবে। তথ্য ও প্রযুক্তিতে শিক্ষার্থীদের দক্ষ করে গড়ে তোলার লক্ষ্যে বিশ্ববিদ্যালয় প্রশাসন ইতোমধ্যেই বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করেছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫টি ছাত্রী হলের ল্যাবে কম্পিউটার প্রদান করায় তিনি ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়কে ধন্যবাদ জানান। ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের উপদেষ্টা মো. নাহিদ ইসলাম বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা মহান মুক্তিযুদ্ধ, ভাষা আন্দোলন, নব্বইয়ের গণঅভ্যুত্থান ও চব্বিশের গণঅভ্যুত্থানসহ বিভিন্ন স্বৈরাচার বিরোধী আন্দোলনে নেতৃত্ব দিয়েছে। অথচ শিক্ষার্থীদের এই আত্মত্যাগের যথাযথ মূল্যায়ন করা হয়নি। আমরা শিক্ষার্থীদের জীবনমানের উন্নয়ন ও শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করতে চাই। এলক্ষ্যে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এবং ঢাকা বিশ্ববিদ্যালয় যৌথভাবে কাজ করছে। শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করা হবে বলে তিনি উল্লেখ করেন। -বিজ্ঞপ্তি

## মানবকণ্ঠ

# ঢাবির ব্যবসায় শিক্ষা ইউনিটের আজ ভর্তি পরীক্ষা

নিজস্ব প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের ব্যবসায় শিক্ষা ইউনিটের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা হবে আজ শনিবার। এদিন সকাল ১১টায় শুরু হওয়া এই পরীক্ষা ঢাকাসহ দেশের বিভাগীয় শহরগুলোতে আটটি কেন্দ্রে অনুষ্ঠিত হবে। বিশ্ববিদ্যালয়ের অনলাইন ভর্তি অফিসের তথ্যমতে, ব্যবসায় শিক্ষা ইউনিটে ১ হাজার ৫০টি আসনের বিপরীতে ৪০ হাজার ৯৭৩ জন শিক্ষার্থী আবেদন করেছেন। এতে প্রতি আসনের বিপরীতে লড়বেন ৩৯ জন পরীক্ষার্থী। দেড় ঘন্টার এই পরীক্ষা বেলা ১১টায় শুরু হয়ে দুপুর সাড়ে ১২টায় শেষ হবে। পরীক্ষার প্রবেশপত্রে সকাল সাড়ে ১০টার মধ্যে পরীক্ষাকেন্দ্রে উপস্থিত থাকার নির্দেশনাসহ ভর্তি পরীক্ষার প্রবেশপত্র এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের মূলকপি সঙ্গে নিয়ে আসার নির্দেশনা দেয়া হয়েছে। এ ছাড়া সব ধরনের ক্যালকুলেটর, ঘড়ি, মোবাইল ফোন, ব্লু-টুথ বা টেলিযোগাযোগ করা যায় এরূপ কোনো ইলেকট্রনিক ডিভাইস বা যন্ত্র পরীক্ষার হলে নেয়ায় নিষিদ্ধ বলা হয়েছে প্রবেশপত্রে।

পরীক্ষা শুরুর এক ঘণ্টা আগপর্যন্ত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন পরীক্ষার্থীরা।

## আজকের পত্রিকা

# ব্যবসায় শিক্ষার ভর্তি পরীক্ষা আজ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা ইউনিটের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের ২০২৪-২৫-শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা আজ শনিবার বেলা ১১টায় শুরু হবে। ঢাকাসহ দেশের আটটি বিভাগের আটটি কেন্দ্রে অনুষ্ঠিত হবে এই পরীক্ষা। প্রতি আসনের বিপরীতে অংশ নিচ্ছেন ৩৯ জন ভর্তি-ইচ্ছুক। পরীক্ষার্থীদের সকাল সাড়ে ১০টার মধ্যে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত থাকতে নির্দেশ দেওয়া হয়েছে। ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ও উচ্চমাধ্যমিকের রেজিস্ট্রেশন কার্ডের মূল কপি সঙ্গে আনাসহ পরীক্ষার বিষয়ে বিশ্ববিদ্যালয় ভর্তি কমিটি বেশ কিছু নির্দেশনা দিয়েছে।

• ঢাবি সংবাদদাতা

## দৈনিক বর্তমান

# ঢাবির ব্যবসায় শিক্ষা ইউনিটের ভর্তি পরীক্ষা আজ

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ব্যবসায় শিক্ষা ইউনিটের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা আগামী শনিবার অনুষ্ঠিত হবে। বেলা ১১টায় ঢাকাসহ দেশের আটটি বিভাগীয় শহরের পরীক্ষাকেন্দ্রে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। বিশ্ববিদ্যালয়ের অনলাইন ভর্তি অফিসের তথ্য মতে, ব্যবসায় শিক্ষা ইউনিটে ১ হাজার ৫০টি আসনের বিপরীতে ৪০ হাজার ৯৭৩ জন শিক্ষার্থী আবেদন করেছেন। এতে প্রতি আসনের বিপরীতে লড়বেন ৩৯ জন পরীক্ষার্থী। শিক্ষার্থীদের সকাল ১০টার মধ্যে পরীক্ষাকেন্দ্রে উপস্থিত থাকার নির্দেশ দেওয়া হয়েছে। ইতোমধ্যে শিক্ষার্থীদের আসন বিন্যাস প্রকাশ করা হয়েছে। শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে গিয়ে নিজেদের ড্যাশবোর্ডে আসন দেখতে পারবেন।

পরীক্ষার বিষয়ে প্রবেশপত্রে কিছু নির্দেশনা দেওয়া হয়েছে। এর মধ্যে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র এবং উচ্চমাধ্যমিক পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের মূলকপি সঙ্গে নিয়ে আসতে হবে। প্রশ্ন ও উত্তরপত্রে সব লেখায় কালো কালির বলপয়েন্ট কলম ব্যবহার করতে হবে। সব ধরনের পেন্সিলের ব্যবহার নিষিদ্ধ। এছাড়া সব ধরনের ক্যালকুলেটর, ঘড়ি, মোবাইল ফোন, ব্লু-টুথ বা টেলিযোগাযোগ করা যায় এ রূপ কোনো ইলেকট্রনিক ডিভাইস বা যন্ত্র পরীক্ষার হলে নেওয়া সম্পূর্ণভাবে নিষিদ্ধ। পরীক্ষা চলাকালে পরীক্ষার হলে কোনো পরীক্ষার্থীর কাছে এ রূপ কোনো ডিভাইস পাওয়া গেলে তার ভর্তি পরীক্ষা সরাসরি বাতিল হবে।